



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়ের নাম লিখুন
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
আইসিটি শাখা
www.feni.gov.bd

জেলা ইনোভেশন টিম-এর সভার কার্যবিবরণী

সভাপতি মুহাম্মৎ শাহীনা আক্তার
জেলা প্রশাসক
সভার তারিখ ০৩.০৬.২০২৪ খ্রি.
সভার সময় সকাল ১০.৪৫ ঘটিকা
স্থান জেলা প্রশাসক, ফেনী মহোদয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। জেলা ইনোভেশন টিমের করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। অতঃপর বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

জেলা ইনোভেশন টিম-এর মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:						
ক্রমিক নং	সভার নাম	সভার তারিখ	গৃহীত সিদ্ধান্তের সংখ্যা	গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার	মন্তব্য
১	জেলা ইনোভেশন টিম-এর মাসিক সভা	০৫-০৫-২০২৪	৭ টি	৭ টি	১০০%	

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ইনোভেশন টিমের কার্যপরিধি বিষয়ক: স্ব-স্ব কার্যালয়ের কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনয়ন, গতিশীলতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন টিমের কার্যপরিধি বিষয়ে আলোচনা করা হয়।	ক) ইনোভেশন টিমের কার্যপরিধি মোতাবেক ইনোভেশন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী প্রণয়ন ও বাস্তবায়ন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ০৮.০৪.২০১৩ খ্রি. তারিখের ০৪. ০০. ০০০০. ২৩২. ৩৫. ০০৬.১৩-১৮ নং স্মারকের নির্দেশনানুযায়ী উপজেলা পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (ইনোভেশন)টিম পুনর্গঠন করে টিমের প্রতিমাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আইসিটি শাখায় প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)

2	পূর্বের উদ্ভাবনীর প্রস্তাব অনুমোদন: ০১. সরকারি কাজে সেবা প্রদান প্রক্রিয়া সহজ ও দ্রুত সেবা প্রদানের জন্য পূর্বের উদ্ভাবনী ধারণা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত প্রস্তাব পাওয়া যায়।		ক) দাখিলকৃত নিম্নবর্ণিত উদ্ভাবনী উদ্যোগসমূহ স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদের মধ্যে বাস্তবায়নের নিমিত্ত সভায় সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়।		১। উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। বিভাগীয় বন কর্মকর্তা (উপ বন সংরক্ষক), ফেনী ৪। প্রোগ্রামার, ফেনী ৫। সহ. প্রোগ্রামার ফেনী সদর
	নং	প্রস্তাবিত উদ্ভাবনী ধারণা	নং	প্রস্তাবিত উদ্ভাবনীর নাম	
	১	ইউনিয়ন পর্যায়ে পাবলিক লাইব্রেরি স্থাপন	১	ইউনিয়ন পর্যায়ে পাবলিক লাইব্রেরি স্থাপন	
	২	অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়ন	২	উপকারভোগীদের অনলাইনে লভ্যাংশ প্রদান	
	৩	Career Hub 'মুক্তপাঠ'	৩	অনাবাদি পতিত জমি আবাদের আওতায় আনয়ন	
৪	উপকারভোগীদের অনলাইনে লভ্যাংশ প্রদান	৪	Career Hub 'মুক্তপাঠ'		
২. স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে স্ব-স্ব কার্যালয়ের সেবার ও কাজের গুণগত পরিবর্তন আনয়ন, গতিশীলতা ও দক্ষতা বৃদ্ধির জন্য গৃহীত ইনোভেটিভ আইডিয়াসমূহ সভায় অনুমোদন ও তা সফলভাবে বাস্তবায়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।		খ) অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগসমূহ স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদীর মধ্যে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।			

চলমান পাতা

পাতা-২

৩	ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য বাস্তবায়নের নিমিত্ত জেলায় জনস্বাস্থ্য সেবায় উদ্ভাবনী উদ্যোগের সুনির্দিষ্ট (শোকেসিংযোগ্য) তালিকা প্রণয়ন সম্পর্কে পর্যালোচনা: সভায় আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের জন্য তালিকা প্রণয়নের নিমিত্ত বিস্তারিত আলোচনা করা হয়।	১. ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে জেলার জন্য নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগের সুনির্দিষ্ট (শোকেসিংযোগ্য) তালিকা প্রণয়ন করতে হবে। ০২. আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করে তালিকা জেলা পর্যায়ে দাখিল করতে হবে।	১। ইনোভেশন টিম ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী দপ্তর প্রধানগণ
4	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন: ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।	ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। খ) উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী দপ্তর প্রধানগণ কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।	১। ইনোভেশন টিম ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী দপ্তর প্রধানগণ

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৯-০৬-২০২৪

মুছাম্মৎ শাহীনা আক্তার

জেলা প্রশাসক

০৩৩১৭৪০০

dcfeni@mopa.gov.bd

৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৯ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.২০.৩০০০.০১৪.০৫.০০১.২৪.২১৭

বিতরণ :

১। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।



১৯-০৬-২০২৪
মুহাম্মৎ শাহীনা আক্তার
জেলা প্রশাসক